


# সমকাল

## পবিপ্রবির উপাচার্য হলেন ড. স্বদেশ সামন্ত

প্রকাশ: ১৭ মে ২০২১

বরিশাল ব্যুরো



ড. স্বদেশ চন্দ্র সামন্ত- ফাইল ছবি

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পবিপ্রবি) উপাচার্য পদে নিয়োগ পেয়েছেন পবিপ্রবির কৃষিতত্ত্ব বিভাগের জ্যেষ্ঠ অধ্যাপক ও কৃষি অনুষদের ডিন প্রফেসর ড. স্বদেশ চন্দ্র সামন্ত। সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের উপ-সচিব মো. নূর-ই-আলম স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনের মাধ্যমে রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো. আব্দুল হামিদ তাকে চার বছর মেয়াদের জন্য এ নিয়োগ দিয়েছেন।

প্রফেসর ড. স্বদেশ চন্দ্র সামন্ত পবিপ্রবির রেজিস্ট্রার (অ.দা.) ও পরীক্ষা নিয়ন্ত্রক পদে কর্মরত ছিলেন। তিনি ১৯৯০ সালে তৎকালীন পটুয়াখালী কৃষি কলেজে প্রভাষক হিসেবে যোগদান করে কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে তিনি বিভিন্ন হলের প্রভোস্টসহ বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। তিনি পবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক, বঙ্গবন্ধু পরিষদ, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ এবং নীল দলের বিভিন্ন পদে দায়িত্ব পালন করেছেন। চলতি বছরের ৪ জানুয়ারী থেকে ড. স্বদেশ চন্দ্র সামন্ত পবিপ্রবিতে উপাচার্যের রুটিন দায়িত্বে ছিলেন।

প্রফেসর ড. স্বদেশ চন্দ্র সামন্ত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে অনার্সসহ স্নাতকোত্তর এবং পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে ২০১৫ সালে পিএইচডি ডিগ্রী সম্পন্ন করেন। তিনি ১৯৬২ সালের ৩১ ডিসেম্বর কুমিল্লা জেলার বুড়িচং উপজেলার দুর্গাপুর গ্রামে জন্মগ্রহণ করেন।

---

© সমকাল ২০০৫ - ২০২১

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ | ই-মেইল: samakalad@gmail.com